

মতুরা সঙ্গীত

৪৬ নং

তাল--একতাল

আমি পতিত তুমি দয়াল;

আমি কোন্ গুণে তোমায় পাই বল ।

তোমার যা ইচ্ছা হয় করতে পার, যা তোমার লাগে ভাল ॥

১। যা ইচ্ছা হয় তোমার মনে,

আমার মন যেন থাকে তার পিছনে গো,

আমি ভুলে না যাই কোন দিনে,

এই নালিশ পদে র'ল ॥

২। আমি অতি মূঢ় মতি, না জানি ভক্তি স্তুতি গো,

তুমি আমার জ্ঞানের বাতি, অন্ধকারেরই আলো ॥

৩। অম্বিকা কয়, শোন্ বাবুরাম, দয়াল বিপিনচাঁদ বলে

অবিরাম গো,

আমার গুরুচাঁদ উদয় শ্রীধাম, শঙ্কা কি আছে বল ॥

---বাবুরাম



৪৭ নং

তাল--কাওয়ালী

রাগিনী--বাগেশ্রী

মরম গেল রে ভাঙ্গিয়া

গুরুচাঁদে না দেখিয়া ।

১। পরাণের পরাণ নয়নের মণি

দুঃখ পাশরা ধন গোপালের শিরোমণি;

তুই বিনে বন্ধু দিবস রজনী,

বেদনায় যায় কাটিয়া ।